# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৪. বনি-ইসরাইলরা মিসরে কতদিন ছিল?

পুরাতন নিয়মের প্রথম পুস্তক আদিপুস্তক (পয়দায়েশ) এবং দ্বিতীয় পুস্তক যাত্রাপুস্তক (হিজরত)। বনি-ইসরাইল বা ইসরাইল জাতির মিসর অবস্থান বিষয়ে পুস্তক দু'টোর মধ্যে ৪০০ বনাম ৪৩০-এর বৈপরীত্য বিদ্যমান। "তখন তিনি অব্রামকে কহিলেন, নিশ্চয় জানিও, তোমার সন্তানগণ পরদেশে প্রবাসী থাকিবে, এবং বিদেশী লোকদের দাস্যকর্ম করিবে, ও লোকে তাহাদিগকে দুঃখ দিবে- চারি শত বৎসর পর্যন্ত। আবার তাহারা যে জাতির দাস হইবে আমিই তাহার বিচার করিব; তৎপরে তাহারা যথেষ্ট সম্পত্তি লইয়া বাহির হইবে।" (আদিপুস্তক ১৫/১৩-১৪)। কিন্তু যাত্রা পুস্তক ১২/৪০ শ্লোকে তাদের অবস্থান ৪৩০ বছর উল্লেখ করা হয়েছে: "ইস্রায়েল-সন্তানেরা চারি শত ত্রিশ বৎসর কাল মিসরে প্রবাস করিয়াছিল।"

পরবর্তী অনুচ্ছেদে আমরা দেখব যে, এ দুটো তথ্যের উভয়ই ভুল। বনি-ইসরাইল জাতি মিসরে আরো অনেক কম সময় অবস্থান করেছিল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন